

📃 আল-ফীল | Al-Fil | ٱلْفِيل

আয়াতঃ ১০৫: ৪

💵 আরবি মূল আয়াত:



🗚 অনুবাদসমূহ:

তারা তাদের ওপর নিক্ষেপ করে পোড়ামাটির কঙ্কর। — আল-বায়ান

যারা তাদের উপর পাথরের কাঁকর নিক্ষেপ করেছিল। — তাইসিরুল

যারা তাদের উপর প্রস্তর কংকর নিক্ষেপ করেছিল। — মুজিবুর রহমান

Striking them with stones of hard clay, — Sahih International

- ৪. যারা তাদের উপর শক্ত পোড়ামাটির কঙ্কর নিক্ষেপ করে।(১)
 - (১) উপরে سجيل এর অর্থ করা হয়েছে, পোড়া মাটির কঙ্কর। [মুয়াস্সার] কারও কারও মতে, ভেজা মাটি আগুনে পুড়ে শক্ত হয়ে যে, কংকর তৈরি হয়, সে কংকরকে سجيل বলা হয়ে থাকে। [জালালাইন] আবার কেউ কেউ বলেন, এর অর্থ অতি শক্ত পাথরের কঙ্কর। [আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

- ৪। যারা তাদের উপর পোড়া মাটির পাথর নিক্ষেপ করেছিল। [1]
 - [1] سِجِيل বলা হয় মাটিকে আগুনে পুড়িয়ে তৈরী করা কাঁকরকে। এই ছোট ছোট কাঁকর বা পাথরের টুকরাগুলো (আল্লাহর কুদরতে) ধ্বংসকারিতায় কামান ও বন্দুকের গুলি অপেক্ষা বেশী কাজ করেছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=6192

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন